



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
বাংলাদেশ রেলওয়ে  
রেলভবন, ঢাকা।



নং-৫৪.০১.২৬০০.০০৮.১৮.০০৪.১৯-২০১

তারিখঃ ২০ আগস্ট ২০২০।

বিষয়ঃ আগামী ২৭-০৮-২০২০ তারিখ হতে আরও ১৮ জোড়া ট্রেন পরিচালনা করা প্রসঙ্গে।

রেলপথ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয় এর কক্ষে রেলপথ মন্ত্রণালয়ের মাননীয় সচিব, বাংলাদেশ রেলওয়ের মাননীয় মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন), অতিরিক্ত মহাপরিচালক (রোলিং স্টক) এর মধ্যে ০৯.০৮.২০২০ তারিখে অনুষ্ঠিত আলোচনার প্রেক্ষিতে গৃহীত সিদ্ধান্তের ধারাবাহিকতায় আগামী ২৭.০৮.২০২০ তারিখ হতে নিম্নোক্ত ট্রেনসমূহ পরিচালনা শুরু হবেঃ


ক্রমিক নং	ট্রেন নং	ট্রেনের নাম	রুট
১	৭১৯/৭২৪	পাহাড়িকা/উদয়ন	চট্টগ্রাম - সিলেট - চট্টগ্রাম
২	৭৩৭/৭৩৮	এগার সিন্দুর প্রভাতী	ঢাকা - কিশোরগঞ্জ - ঢাকা
৩	৭৪৫/৭৪৬	যমুনা এক্সপ্রেস	ঢাকা - তারাকান্দি - ঢাকা
৪	৭৪৯/৭৫০	এগার সিন্দুর গোখুলী	ঢাকা - কিশোরগঞ্জ - ঢাকা
৫	৭৮৭/৭৮৮	সোনার বাংলা এক্সপ্রেস	চট্টগ্রাম - ঢাকা - চট্টগ্রাম
৬	৮০১/৮০২	চট্টলা এক্সপ্রেস	চট্টগ্রাম - ঢাকা - চট্টগ্রাম
৭	৭১৩/৭১৪	করতোয়া এক্সপ্রেস	সান্তাহার - বুড়িমারী - সান্তাহার
৮	৭৩১/৭৩২	বরেন্দ্র এক্সপ্রেস	রাজশাহী - চিলাহাটি - রাজশাহী
৯	৭৫৩/৭৫৪	সিঙ্কসিটি এক্সপ্রেস	রাজশাহী - ঢাকা - রাজশাহী
১০	৭৬১/৭৬২	সাগরদাঁড়ী এক্সপ্রেস	খুলনা - রাজশাহী - খুলনা
১১	৭৬৭/৭৬৮	দোলনচাঁপা এক্সপ্রেস	সান্তাহার - দিনাজপুর - সান্তাহার
১২	৭৭৯/৭৮০	ঢালারচর এক্সপ্রেস	ঢালারচর - রাজশাহী - ঢালারচর
১৩	১/২	ঢাকা/চট্টগ্রাম মেইল	চট্টগ্রাম - ঢাকা - চট্টগ্রাম
১৪	৪৭/৪৮	দেওয়ানগঞ্জ কমিউটার	ঢাকা- দেওয়ানগঞ্জ বাজার - ঢাকা
১৫	৪৯/৫০	বলাকা কমিউটার	ঢাকা- ঝারিয়া ঝাঞ্জাইল - ঢাকা
১৬	১৯/২০	বগুড়া কমিউটার	সান্তাহার - লালমনিরহাট - সান্তাহার
১৭	২৩/২৪	রকেট এক্সপ্রেস	খুলনা- পার্বতীপুর- খুলনা
১৮	২৭/২৮	চিলাহাটি এক্সপ্রেস	পার্বতীপুর - চিলাহাটি - পার্বতীপুর

ট্রেন পরিচালনার ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনাসমূহ মেনে চলতে হবেঃ

- ০১) যাত্রার দিনসহ ০৫ (পাঁচ) দিন পূর্বে আন্তঃনগর ট্রেনসমূহের অগ্রীম টিকিট ইস্যু করা হবে;
- ০২) আন্তঃনগর ট্রেনের সকল টিকিট একইসাথে অনলাইন এবং মোবাইল অ্যাপ এর মাধ্যমে বিক্রয় করা হবে, বিক্রিত টিকিট রিফান্ড করা যাবে না বা ফেরত নেয়া হবে না;

- ০৩) আন্তঃনগর ট্রেনে সকল প্রকার স্ট্যান্ডিং টিকিট ইস্যু সম্পূর্ণরূপে বন্ধ থাকবে;
- ০৪) যাত্রীদের সামাজিক ও শারীরিক দূরত্ব নিশ্চিত করতঃ টিকিট বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- ০৫) ঢাকা বিমানবন্দর, জয়দেবপুর, নরসিংদী স্টেশনে বর্ণিত আন্তঃনগর ও কমিউটার ট্রেনের এবং ভৈরব বাজার স্টেশনে শুধুমাত্র কালনী এক্সপ্রেস ট্রেনের যাত্রাবিরতি সাময়িকভাবে প্রত্যাহার করা হলো; একইসাথে এই সকল স্টেশনের সংশ্লিষ্ট ট্রেনের কোটার টিকিট ঢাকা স্টেশনের কোটার সাথে সমন্বয় করে বিক্রয় করতে হবে;
- ০৬) রাত্রিকালীন উচ্চশ্রেণীর যাত্রীদের জন্য ট্রেনের ভিতরে কোনও চাদর, কম্বল এবং বালিশ সরবরাহ করা হবে না। এ লক্ষ্যে বিদ্যমান বেডিং চার্জ টিকেটের মূল্য হতে বাদ দিতে হবে;
- ০৭) বর্তমান স্বাস্থ্যবিধি মেনে চলার লক্ষ্যে ট্রেনে খাবার সরবরাহ বন্ধ থাকবে। এ কারণে সোনার বাংলা ট্রেনের মূল্য হতে খাবারের মূল্য বাদ দিতে হবে;
- ০৮) রেলওয়ে পাশ এবং মিলিটারি ওয়ারেন্‌টের টিকিট পূর্বের ন্যায় ইস্যু করার ব্যবস্থা থাকতে হবে;
- ০৯) ২% টিকিট রেলওয়ের কর্মচারীদের জন্য যাত্রার ৩৬ ঘন্টা পূর্ব পর্যন্ত সংরক্ষণ করতে হবে;
- ১০) সময় সময় মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয় ও স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক জারীকৃত নির্দেশনাসমূহ ও স্বাস্থ্যবিধি মেনে ট্রেন পরিচালনা করতে হবে।

উপরোক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
20.08.2020

মোঃ খায়রুল কবির

উপ-পরিচালক (টিটি) (অঃ দাঃ)

মহাব্যবস্থাপক (পূর্ব ও পশ্চিম)

বাংলাদেশ রেলওয়ে।

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
- ৩। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
- ৪। অতিরিক্ত মহাপরিচালক (অপাঃ, আই, আরএস, এমএন্ডসিপি এবং অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
- ৫। সিসিএম, সিওপিএস, সিএমই, সিইই, সিই, এফএন্ডসিএও (পূর্ব ও পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম ও রাজশাহী।
- ৬। ম্যানেজিং ডিরেক্টর, সিএনএস লিমিটেড, হাউজ নং-৯৬৭, রোড নং-১৫, এভিনিউ-২, ডিওএইচএস, মিরপুর, ঢাকা-১২১৬।